ঢাকা বিশ্ববিদ্যালয়ের "অনিয়মিত একাডেমিক কর্মসূচি পরিচালনা বিধিমালা" অনুযায়ী
মনোবিজ্ঞান বিভাগের
**প্রফেশনাল এম এস প্রোগ্রাম-এর নীতিমালা**

**১. প্রোগ্রামের নাম**

Professional MS in Psychology

**২. প্রয়োজনীয়তা**

বর্তমানে মনোবিজ্ঞান সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা স্নাতক ডিগ্রি প্রাপ্ত। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজ থেকেও প্রতি বছর বিপুল সংখ্যক শিক্ষার্থী এসব বিষয়ে স্নাতক ডিগ্রি লাভ করছে। কর্মক্ষেত্রে উৎকর্ষতা বাড়ানোর জন্য তাঁদের অনেকেই স্নাতোকোত্তর ডিগ্রি অর্জন করতে চায়। এসকল কর্মকর্তা এবং শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি এবং উচ্চতর ডিগ্রি প্রাপ্তি দেশের উন্নয়নে নিশ্চিতভাবে অবদান রাখবে। চাহিদা এবং উপকারিতার কথা বিবেচনায় রেখেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগ প্রস্তাবিত প্রফেশনাল এমএস প্রোগ্রাম খুলতে আগ্রহী।

**৩. বিবেচ্য ও অনুমোদন**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রফেশনাল এম এস প্রোগ্রাম চালু করার নিমিত্তে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সুপারিশ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিধিমালা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করে। এই কমিটি প্রণীত "অনিয়মিত একাডেমিক কর্মসূচি পরিচালনা বিধিমালা" অনুযায়ী মনোবিজ্ঞান বিভাগের নিম্নোক্ত প্রস্তাবনা গত ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখ একাডেমিক পরিষদ কর্তৃক অনুমোদিত হয়।

**৪. ভর্তি সেশন**

Professional MS in Psychology প্রোগ্রাম হবে এক বছর মেয়াদী। মোট ক্রেডিট হবে 30। বছরে দুইটি সেমিস্টার থাকবে, একটি শুরু হবে জানুয়ারি মাসে এবং অন্যটি জুলাই মাসে। প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৭৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। প্রতি সেমিস্টারের ক্লাস ও পরীক্ষাসমূহ ৫ (পাঁচ) মাসের মধ্যে সম্পন্ন করা হবে। পরীক্ষা শেষ হওয়ার এক মাসের মধ্যেই ফলাফল ঘোষণা করা হবে। পাশকৃতদের Professional MS in Psychology ডিগ্রি প্রদান করা হবে।

**৫. ভর্তির যোগ্যতা**

Professional MS in Psychology প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে কার্যক্রম সম্পাদন করতে হবে।

আবেদনকারীর কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় শ্রেণী থাকতে পারবে না। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে ভর্তিচ্ছুদের মাধ্যমিক থেকে স্নাতক পর্যন্ত সকল পরীক্ষায় ন্যূনতম GPA/CGPA 3.00 হতে হবে।

**৬. শিক্ষার্থীর সংখ্যা**

বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক এই প্রোগ্রামে শিক্ষার্থীর সংখ্যা হবে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৭৫ জন।

**৭. ভর্তি প্রক্রিয়া**

ক. এই প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় ৪০% ন্যূনতম পাশ নম্বর হিসেবে বিবেচিত হবে। মেধার ভিত্তিতে শিক্ষার্থীদের ভর্তি করা হবে।

খ. সমতা নিরূপন: এই প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে বিদেশী বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তদের ভর্তির পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমতা নিরূপণ কমিটি কর্তৃক ভর্তির যোগ্যতা নির্ধারণ করা হবে।

গ. হল সংশ্লিষ্টতা: এই প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের যেকোনো আবাসিক হলের সঙ্গে সংযুক্ত হতে হবে। এই প্রোগ্রামের শিক্ষার্থীগণ অনিয়মিত এবং অনাবাসিক শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং হলের কোনো সুযোগ-সুবিধা গ্রহণ বা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।

ঘ. পরিচয়পত্র: এই প্রোগ্রামের শিক্ষার্থীদেরকে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হলের পরিচয়পত্র প্রদান করা হবে। পরিচয়পত্রে Professional MS in Psychology উল্লেখ থাকবে। এসব শিক্ষার্থীদের পরিচয়পত্র গাঢ় নীল (Deep Blue) রংয়ের হবে।

**৮. কোর্সের সময়কাল**

Professional MS in Psychology প্রোগ্রামটি এক বছর মেয়াদী হবে। সর্বোচ্চ তিন (৩) বৎসরের মধ্যে ডিগ্রি অর্জন করতে হবে।

**৯. শিক্ষা কার্যক্রম**

শিক্ষার্থী ভর্তি, শ্রেণি কার্যক্রম, পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন, টেবুলেশন, ফলাফল প্রকাশ ও সার্টিফিকেট প্রদান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় নীতিমালা/একাডেমিক পরিষদ থেকে অনুমোদিত নীতিমালার আলোকে হবে।

**১০. কোর্সের পরীক্ষা গ্রহণ ও নম্বর বন্টন**

| | |
|---|---|
| ক. ক্লাস পার্টিসিপেশন ও ক্লাস পারফরমেন্স | ১০% |
| খ. এসাইনমেন্ট/প্রেজেন্টেশন | ১৫% |
| গ. ইন-কোর্স পরীক্ষা | ২৫% |
| ঘ. চূড়ান্ত পরীক্ষা | ৫০% |

**১১. গ্রেডিং সিস্টেমস**

Professional MS in Psychology প্রোগ্রামের গ্রেডিং সিস্টেমস ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত প্রোগ্রামসমূহের অনুরূপ হবে। প্রতি বিষয়ের গ্রেডিং পয়েন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রচলিত নিয়মে নির্ধারিত হবে।

**১২. ট্রান্সক্রিপ্ট, সনদ ও স্বাক্ষরকারী**

ক. বিশ্ববিদ্যালয় হতে অনুমোদিত নির্দিষ্ট ফরমেটের সনদ এই প্রফেশনাল প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য হবে। নিয়মিত প্রোগ্রামের মতো এই প্রোগ্রামের ট্রান্সক্রিপ্ট/সনদ পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বাক্ষরিত হবে।

খ. এই প্রফেশনাল প্রোগ্রামের ট্রান্সক্রিপ্ট ও সনদ সংশ্লিষ্ট সকল ফি নিয়মিত শিক্ষার্থীদের মতো একই হারে প্রযোজ্য হবে।

**১৩. শ্রেণি কার্যক্রমের সময়**

ক্লাসসমূহ রবিবার-বৃহস্পতিবার বিকাল ৫:০০ টা থেকে ৮:৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। সাপ্তাহিক ছুটির দিনে বিভাগের একাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সময় নির্ধারণ করা হবে।

**১৪. পাঠদান পদ্ধতি**

শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে Blended System অনুসরণ করা হবে। ক্লাসসমূহের মধ্যে ৭০% সশরীরে (in-person) এবং ৩০% অনলাইনে গ্রহণ করা হবে। তবে সকল পরীক্ষাসমূহ সশরীরে গ্রহণ করা হবে। তবে বিশেষ পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিষদ/বিভাগীয় একাডেমিক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অনলাইনে পরীক্ষা নেয়া হবে।

## Approved by the Academic Council on 26.09.2023

**One Year Two Semester Professional MS in Psychology**
Department of Psychology, Faculty of Biological Sciences
University of Dhaka, Dhaka 1000, Bangladesh

| Semester | Group | Specialization | Course Code | Course Title | Marks | Credits |
|---|---|---|---|---|---|---|
| **First Semester** | **Compulsory** | | PSY501 | Introduction to Psychology | 75 | 3 |
| | | | PSY502 | Positive Psychology | 75 | 3 |
| | | | PSY503 | Research Methods and Statistics | 75 | 3 |
| | **Optional (Any One Group of the Five Specializations)** | **Developmental Psychology** | DPSY504 | Childhood and Adolescent | 75 | 3 |
| | | | DPSY505 | Adulthood and Aging | 75 | 3 |
| | | **I-O Psychology** | IOPSY504 | Workplace Well-being Management | 75 | 3 |
| | | | IOPSY505 | Personnel Selection Training and Placement | 75 | 3 |
| | | **Psychometrics** | PSYM504 | Measurement Fundamentals | 75 | 3 |
| | | | PSYM505 | Basic Psychometrics | 75 | 3 |
| | | **School Psychology** | SPSY504 | Introduction to School Psychology | 75 | 3 |
| | | | SPSY505 | Fundamental Issues in Education | 75 | 3 |
| | | **Social Psychology** | SCPSY504 | Crime Over the Life Time | 75 | 3 |
| | | | SCPSY505 | Understanding Social Cognition | 75 | 3 |
| | **Total** | | | | **375** | **15** |

| Semester | Group | Specialization | Course Code | Course Title | Marks | Credits |
|---|---|---|---|---|---|---|
| **Second Semester** | **Optional (Any One Group of the Five Specializations)** | **Developmental Psychology** | DPSY506 | Developmental Disorder and Disabilities | 75 | 3 |
| | | **I-O Psychology** | IOPSY506 | Occupational Health and Safety Management | 75 | 3 |
| | | **Psychometrics** | PSYM506 | Advanced Psychometrics | 75 | 3 |
| | | **School Psychology** | SPSY506 | Psychoeducational Assessment | 75 | 3 |
| | | **Social Psychology** | SCPSY506 | Social Psychology in the Criminal Justice System | 75 | 3 |
| | | **Compulsory** | PSY507 | Internship | 100 | 4 |
| | | | PSY508 | Thesis | 150 | 6 |
| | | | PSY509 | Viva Voce | 50 | 2 |
| | **Total** | | | | **375** | **15** |